# যে প্রশ্নগুলো বারবার জিজ্ঞাসা করা হয়

## বাড়িতে আমার পরিবারে যে ভাষায় আমরা কথা বলি সেই ভাষা ব্যবহার চালিয়ে যেতে আমার সন্তানকে আমি কীভাবে সাহায্য করতে পারি?

বাড়িতে আপনার পরিবারে যে ভাষায় কথা বলেন সেই ভাষা(গুলি) ব্যবহার করতে থাকুন। আপনার সন্তানের সাথে সেই ভাষায় কথা বলুন। তাদের স্কুলের কাজে ধারণা, বিষয় এবং অর্থ সম্পর্কে সাহায্য করার সময় সেই ভাষায় কথা বলুন । এটি তাদের জন্য একটি সার্থক উপায় যা ওই ভাষাটির দক্ষতা বিকাশ চালিয়ে যাওয়ার সুযোগ দেবে।

## আমার সন্তানের ভাষা মিশ্রিত, এটা কি উদ্বেগজনক?

দ্বিভাষিক শিশুদের সাথে ভাষার মিশ্রণ বেশ সাধারণ; এর অর্থ এই নয় যে তারা বিভ্রান্ত হয়ে আছে - তারা কেবল নিজেদের প্রকাশ করার জন্য তাদের কাছে সমস্ত ভাষার যে সম্পদ আছে তা ব্যবহার করছে।

## আমার সন্তান আমার সাথে শুধু ইংরেজিতে কথা বলে। আমার কি করা উচিৎ?

অনেক দ্বিভাষিক শিশুই এটি করে, বিশেষ করে যখন তারা জানে যে তাদের বাবা-মা ইংরেজি বোঝে। তাদের সাথে আপনার ওই ভাষা(গুলি) ব্যবহার করা চালিয়ে যান; এটি তাদের তাদের প্রথম ভাষার দক্ষতা বজায় রাখার সেরা সুযোগ দেবে।

## আমার সন্তানের শিক্ষক আমাকে বলেন যে আমার সন্তান স্কুলে বেশি কথা বলে না। আমার কি দুশ্চিন্তা করা উচিৎ?

অনেক শিশু কিছু সময়ের জন্য নতুন ভাষায় কথা না বলা বেছে নেয়, হতে পারে তারা এতে লজ্জাবোধ করে বা তারা এটি বলতে চায় না যতক্ষণ না তারা মনে করে যে তারা এটি ভাল করে বলতে পারবে। এই 'নীরব সময়কাল' মোটামুটি সাধারণ; বেশিরভাগ শিশু যখন প্রস্তুত হবে তখন স্কুলে তাদের কথা খুঁজে পাবে।

## এখন আমার সন্তান ইউকে স্কুলে পড়ছে, আমার কি তাদের সাথে বাড়িতে ইংরেজিতে কথা বলা শুরু করা উচিৎ?

আপনার সন্তানের সাথে আপনার মাতৃভাষায় কথা বলা চালিয়ে যান। এই ভাষাগুলিতে তাদের দক্ষতা বিকাশ চালিয়ে যাওয়ার এবং তাদের নিজস্ব পরিচয় ও সংস্কৃতি বজায় রাখার সুযোগ দেওয়ার এটিই সেরা উপায়।

## আরো তথ্য পাবার জন্য

www.hants.gov.uk/emtas

Bengali: Autumn 2022

Hampshire Services
EMTAS

# একাধিক ভাষায় বড় হওয়া আপনার সন্তান

## বাবা-মা এবং কেয়ারারদের জন্য একটি নির্দেশিকা



Hampshire County Council

অনেক পরিবারে একাধিক ভাষায় কথা বলা হয়। কিছু পরিবারে, বাবা-মা দুজনেই একই প্রথম ভাষা শেয়ার করে; অন্যদের মধ্যে, বাবা একটি ভাষায় ও মা আর একটি ভিন্ন ভাষায় কথা বলতে পারেন। আপনার পরিস্থিতি যাই হোক না কেন, আপনার সন্তানকে একাধিক ভাষায় লালন-পালন করার বিষয়ে আপনার প্রশ্ন থাকতে পারে। এই লিফলেট এই কিছু প্রশ্নের উত্তর দিতে সাহায্য করতে পারে।

## গবেষণায় কী বলা হয়?

দ্বি- ভাষী এবং বহু-ভাষী শিশুরা সাধারণত:

- স্কুলে ভাল করে এবং তাদের পরীক্ষায় ভাল গ্রেড অর্জন করে
- তৃতীয় ভাষা আরও সহজে শেখে
- যদি তারা তাদের প্রথম ভাষায় একটি দৃঢ় ভিত্তি নিয়ে স্কুলে আসে তাহলে ইংরেজিতেও দৃঢ়ভাবে বর্ণজ্ঞান ক্ষমতা বিকাশ করতে পারে
- দুটি ভিন্ন ভাষার মাধ্যমে তথ্য প্রক্রিয়াকরণ ঘটে বলে তাদের চিন্তাভাবনায় নমনীয়তা আরো বিকশিত হয়
- বিশ্ব দৃষ্টিভঙ্গি থাকে যেখানে ভিন্ন সাংস্কৃতিক দৃষ্টিকোণ থেকে সব কিছু দেখা যায়
- সমস্যা সমাধান এবং সৃজনশীল অভিব্যক্তিতে পারদর্শী হয়
- অন্যদের প্রতি আরও সহনশীল মনোভাব প্রকাশ করে

**একটি ভাষা শুধু কিছু শব্দ নয়...**

## দ্বিভাষিক হওয়ার সুবিধা

দুই বা ততোধিক ভাষায় কথা বলা শিশুর একটি অতিরিক্ত, মূল্যবান দক্ষতা থাকে; দুই বা ততোধিক ভাষা জানা আছে এমন একজন ব্যক্তির কাজের ক্ষেত্রেও বেশি সুযোগ থাকে

যেমন, এটি তাদের চারপাশের লোকেরা এটিকে মূল্য দিলে, দ্বিভাষিকতা একটি শিশুর আত্মসম্মান বাড়ায় এবং তাদের নিজেদের সম্পর্কে ভালো বোধ করতে সাহায্য করে। শিশুরা তাদের ভাষা ও সংস্কৃতি নিয়ে গর্বিত বা ইতিবাচক হলে তাদের সাংস্কৃতিক পরিচয় বজায় রাখার সম্ভাবনা বেশি থাকে

পরিবারের অন্যান্য সদস্যদের সাথে যোগাযোগ করার ক্ষমতা যেমন দাদা-দাদি প্রলম্বিত পরিবার এবং জনসমাজ সম্প্রদায়ের মধ্যে অন্তর্গত হওয়ার অনুভূতি তৈরি করতে এবং বজায় রাখতে সহায়তা করে

**...এটি একটি সংস্কৃতি, একটি ঐতিহ্য, একটি সম্প্রদায়ের একীকরণ ঘটায়...**

## বাবা-মা ও কেয়ারেরদের জন্য পরামর্শ

- আপনার সন্তানের সাথে আপনার প্রথম ভাষায় কথা বলুন, এমনকি যখন শিশুটি সম্পূর্ণরূপে বুঝতে পারে না তখনও।
- আপনার সন্তানকে আপনার নিজের ভাষায় নার্সারির ছড়া এবং গান শেখান।
- আপনার সন্তানের সাথে আপনার প্রথম ভাষায় গল্প করে উপভোগ করুন। এটি আপনার ভাষা এবং ঐতিহ্যের সাথে যোগাযোগ রাখার একটি ভাল উপায়।
- প্রথম ভাষায় বয়সের উপযুক্ত মিডিয়া পাওয়া গেলে তা দেখুন এবং শুনুন।
- জনসমক্ষে আপনার সন্তানের সাথে আপনার ভাষায় কথা বলতে পেরে গর্বিত হন।
- আপনার সন্তানকে জন সম্প্রদায়ের সমাবেশে নিয়ে যান যেখানে লোকজন আপনার ভাষা ব্যবহার করে, আপনার সন্তান অন্য লোকেদের শুনতে পাবে এবং যেখানে তারা তাদের সংস্কৃতি সম্পর্কে তাদের জ্ঞান এবং বোঝার বিকাশ করতে পারবে।
- আপনার সন্তানের র উচ্চারণ বা তার যে কোনো ভুলের কারণে তাদের উপহাস বা উত্যক্ত না করতে চেষ্টা করুন।
- বিশ্ব সম্পর্কে শেখার একটি হাতিয়ার হিসাবে আপনার সন্তানকে তাদের প্রথম ভাষা ব্যবহার করতে উৎসাহ দিন; তাদের স্কুলের কাজের যখন করবে, বাড়ির কাজের জন্য, অন্যদের সাথে মেলামেশা করার সময় এবং তাদের অন্বেষণ করতে।

**...একটি সম্প্রদায় সৃষ্টি করে একটি সম্পূর্ণ ইতিহাস। চমস্কি**